

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, প্র/এ  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

“ বিজ্ঞপ্তি ”

১৯/০৭/২০১৬খ্রিঃ তারিখের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০.০০৫.১৬-৪০৭, ৪০৮, ৪০৯ ও ৪১০ নং মোতাবেক সর্বমোট ১২(বার)টি চেক বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের এইচএসসি (বিএম), এসএসসি (ভোকেশনাল) এবং মাদ্রাসা (ভোকেশনাল ও বিএম) শিক্ষক-কর্মচারীদের জুন/২০১৬ মাসের বেতন ভাতার (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে) সরকারি অংশের চেক সংশ্লিষ্ট অগ্রণী, জনতা, রূপালী ও সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়, ঢাকায় ১৯/০৭/২০১৬খ্রিঃ তারিখে হস্তান্তর করা হয়েছে। শিক্ষক-কর্মচারীগণ তাদের স্ব স্ব ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে বেতন ভাতার সরকারি অংশ আগামী ২৮/০৭/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকের শাখা থেকে উত্তোলন করতে পারবেন।

জুলাই/২০১৫ হতে ফেব্রুয়ারী/২০১৬ পর্যন্ত ০৮ (আট) মাসের বকেয়া বেতন ভাতার অর্থ এপ্রিল/২০১৬ ও মে/২০১৬ মাসে প্রদান করা হয়। উক্ত বকেয়ায় প্রাপ্যতার অতিরিক্ত অর্থ যে সকল প্রতিষ্ঠান উত্তোলন করেছেন তাদেরকে ২০/০৬/২০১৬ তারিখের মধ্যে অতিরিক্ত উত্তোলিত অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে (কোড নং : ১-২৫০১-০০০১-২৬৭১) জমা দিয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরে চালানোর কপি জমা দেওয়ার জন্য নোটিশ প্রদান করা হয়। যে সকল প্রতিষ্ঠান উক্ত তারিখের মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে অতিরিক্ত অর্থ জমা দিয়েছেন অথবা মে/২০১৬ মাসের বেতন হতে সমন্বয় করেছেন অথবা অতিরিক্ত অর্থ উত্তোলন করেননি এরূপ প্রতিষ্ঠান ব্যতীত অন্য সকল প্রতিষ্ঠানের বকেয়ার অতিরিক্ত অর্থ জুন/২০১৬ মাসের বেতন হতে কর্তনের মাধ্যমে সমন্বয় করা হয়েছে।

যে সকল প্রতিষ্ঠান ট্রেজারী চালানোর কপি প্রদান করেছেন এরূপ প্রতিষ্ঠান সমূহকে চালানোর কপি CTR সহ একইভাবে অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হল।

যে সকল প্রতিষ্ঠান অতিরিক্ত অর্থ চালানোর মাধ্যমে জমা প্রদান করেছেন কিন্তু অদ্যাবধি কারিগরি শিক্ষা অধিদপ্তরকে অবহিত করেননি সে সকল প্রতিষ্ঠানকে ট্রেজারী চালান CTR সহ প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ন পত্র আগামী ২৮/০৭/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে জমা প্রদানের জন্য বলা হল।

(আ.ন.ম.সালিহ উদ্দীন খান)  
পরিচালক (পিআইইউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।